

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৬৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - সালাম

আরবী

وَعَن أسماء

بنت يزيد قَالَتْ: مَرَّ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي نِسْوَةٍ فَسَلَّمَ عَلَيْنَا. رَوَاهُ أَبُو دَاوُد وَابْن مَاجَه والدارمي

বাংলা

৪৬৬৩-[৩৬] আসমা বিনতু ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের মহিলাদের এক সমাবেশের নিকট দিয়ে অতিক্রম করলেন এবং আমাদেরকে সালাম করলেন। (আবূ দাউদ, ইবনু মাজাহ ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৫২০৪, ইবনু মাজাহ ৩৭০১, ইবনু আবূ শায়বাহ্ ২৫৭৮০, আহমাদ ২৭৫৬১, শু'আবুল ঈমান ৮৯০০, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১৯৯০৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হুসায়মী (রহিমাহুল্লাহ) বলেনঃ দূরে থাকায় ফিতনামুক্তি, অতএব যে নিজের ওপরে নিরাপত্তার আস্থা রাখবে সোলাম দিবে। অন্যথায় চুপ থাকায় নিরাপদ। ইবনু বাত্ত্বল বলেনঃ যখন ফিতনাহ্ থেকে নিরাপদ থাকবে তখন পুরুষকে মহিলাদের এবং মহিলাদেরকে পুরুষদের সালাম দেয়া জায়িয়।

মালিকীরা এর পথকে বন্ধ করার জন্য যুবতী ও বৃদ্ধাদের মাঝে পার্থক্য করেছেন।

কুফীরা বলেনঃ মহিলাদের জন্য পুরুষদের সালাম দেয়া নিষেধ। কারণ তারা আযান, ইকামাত ও উচ্চৈঃস্বরে কুরআন তিলাওয়াত করতে নিষিদ্ধ। তবে মাহরামগণ-মাহরামদেরকে সালাম দিতে পারবে। যেমনটি ফাতহুল বারীতে উল্লেখ হয়েছে। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৫১৯৫)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন